## 2024/TDC (CBCS)/EVEN/SEM/ BNGHCC–601T/411

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC–601T

**( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আনন্দবর্ধন কোন্ শতাব্দীর লোক ছিলেন? তিনি 'ধ্বন্যালোক' গ্রন্থের কোন্ অংশটি লিখেছিলেন?

(খ) 'রীতিরাত্মা কাব্যস্য'—এই সূত্রটি কে লিখেছিলেন? পদ রচনার বিশিষ্ট ভঙ্গিকে কী বলা হয়ে থাকে?

(গ) 'সকল হৃদয়ে সমবাদী'—এখানে কোন্ ভাবদ্বয়ের কথা বলা হয়েছে?

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ''কাব্যং গ্রাহ্যমলংকারাৎ''—কাব্য যে মানুষের কাছে উপাদেয়, সে এই অলংকারের জন্যে—এই অভিমতের স্বপক্ষে আলংকারিকরা যেসব যুক্তি দিয়েছেন তার ব্যাখ্যা করো।

(খ) ''কাব্যের আত্মা ধ্বনি বলে যাঁরা আরম্ভ করেছেন, কাব্যের আত্মা রস বলে তাঁরা উপসংহার করেছেন।'' 'ধ্বনি'র গুরুত্ব আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।

## UNIT—II

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'সাহিত্য' গ্রন্থরূপে প্রথম কত সালে প্রকাশিত হয়? রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব-বিষয়ক অন্য একটি গ্রন্থের নাম উল্লেখ করো।

(খ) ''জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়।'' এই উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? 'সৌন্দর্যবোধ' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(গ) ''ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধানত ভাষার মধ্যে দুইটি জিনিস মিশাইয়া থাকে।'' এই দুটি জিনিস কী কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রবীন্দ্রনাথ বলেছেন, "কবির কল্পনাসচেতন হৃদয় যতই বিশ্বব্যাপী হয় ততই তাঁহার রচনার গভীরতায় আমাদের পরিতৃপ্তি বাড়ে। ততই মানববিশ্বের সীমা বিস্তারিত হইয়া আমাদের চিরন্তন বিহারক্ষেত্র বিপুলতা লাভ করে।" তোমার পঠিত 'সাহিত্যের সামগ্রী' পাঠ অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

(খ) "বাহিরের জগৎ আমাদের মনের মধ্যে প্রবেশ করিয়া আর একটা জগৎ হইয়া উঠিতেছে।" এই উক্তির আলোকে কবিগুরুর 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে সাহিত্যসৃষ্টির ভাবনা যেভাবে প্রকাশিত তা বিশ্লেষণ করো।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মাত্রা বিচারের জন্য বাংলা অক্ষরকে কয় শ্রেণীতে ভাগ করা হয়? এগুলো কী কী?

(খ) ধ্বনিপ্রধান ছন্দকে অন্য কোন্ নামে চিহ্নিত করা হয়? উল্লিখিত ছন্দে কোন্ লয় ব্যবহৃত হয়?

(গ) মহাকাব্য, আখ্যানকাব্য ইত্যাদি কোন্ ছন্দে লিখিত? এই ছন্দের একক রুদ্ধ অক্ষর কয় মাত্রা হিসেবে বিবেচিত?

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) শ্বাসাঘাতপ্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

(খ) উদাহরণসহ ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো লেখো।

## UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) উদাহরণসহ রূপক অলংকারের সংজ্ঞা লেখো।

(খ) উৎপ্রেক্ষা অলংকারকে যে দুটি ভাগে ভাগ করা হয় সেগুলোর নাম উল্লেখ করো।

(গ) অলংকার শাস্ত্রে দুটি বিষয়কে আপাতদৃষ্টিতে পরস্পর বিরোধী বলে মনে হলেও কিন্তু তাৎপর্যে এসে বিরোধের অবসান ঘটে যায়—সেখানে কী অলংকার হয়? একটি উদাহরণ দাও।

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) উদাহরণসহ যে কোনো **দুটি** অলংকারের প্রকারভেদ নিয়ে আলোচনা করো :

শ্লেষ ; উপমা ; সমাসোক্তি।

(খ) নিম্নলিখিত অলংকারগুলোর উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য ব্যাখ্যা করো (যে কোনো **দুটি**) :

ব্যাজস্তুতি ; বিরোধাভাস ; বক্রোক্তি।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ‘‘নূতন করিয়া মোরে সৃজন করিতে পারো তুমি—
বিধাতার সৃষ্টিশক্তি আছে তব।’’ এটি কোন্ অলংকার? অলংকারটির সংজ্ঞা লেখো।

(খ) ‘‘আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মিসম’’—কোন্ অলংকারের উদাহরণ? ‘তীক্ষ্ণদীপ্ত’ শব্দটি কীসের দ্যোতনা করছে?

(গ) ‘‘এ কথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শাজাহান,
কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান।’’
স্তবকটি কোন্ ছন্দের উদাহরণ? এই ছন্দের লয় কী?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ছন্দলিপি প্রস্তুত কর (যে কোনো দুটি) : ৫×২=১০

(১) ‘‘বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই;
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই?’’

(২) ‘‘নিরাবরণ বক্ষে তব, নিরাভরণ দেহে
চিকন সোনা-লিখন উষা আঁকিয়া দিল স্নেহে।’’

(৩) ‘‘প্রেম বলে কিছু নাই
চেতনা আমার জড়ে মিশাইলে সব সমাধান পাই।’’

(৪) “রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে।
শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে॥”

(৫) “ছেলে ঘুমালো পাড়া জুড়ালো বর্গী এলো দেশে।
বুলবুলিতে ধান খেয়েছে খাজনা দেব কীসে॥”

(খ) ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :
৫×২=১০

(১) “ফুলগুলো ধায় ফড়িঙ্ হ’য়ে
উড়নফুলের রূপ ধরে।”

(২) “ভাবনায় ভাসমান ভীতা সঙ্কুচিতা
অশোক বিপিনে যেন জনকদুহিতা।”

(৩) “দেখিলাম কালবৈশাখীর
ভ্রূকুটিকুটিল কালো কঠোর
কাঠিন্যভরা মুখ।”

(৪) “আমার প্রেম রবিকিরণ হেন
জ্যোতির্ময় মুক্তি দিয়ে তোমারে ঘেরে যেন।”

(৫) “কুকথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ।
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ॥”

★ ★ ★

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC–602T

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

*Candidate have to answer either for*
Option—A *or* Option—B

## OPTION—A

Course No. : BNGHCC–602T (A)

**( সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা )**

### UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) এরিস্টটলের জন্ম কোথায় হয়েছিল? তাঁর গুরুর নাম কী?

(খ) এরিস্টটল 'পোয়েটিক্‌স' গ্রন্থের কত সংখ্যক অধ্যায়ে মহাকাব্য ও ট্র্যাজেডির তুলনামূলক আলোচনা বিধৃত করেছেন? একটি ট্র্যাজেডি নাটকের উদাহরণ দাও।

(গ) ট্র্যাজেডির নায়কের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ট্র্যাজেডিতে কাহিনির গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা করো।

(খ) ট্র্যাজেডির সংজ্ঞাটি বিশ্লেষণের সূত্রে ট্র্যাজেডির শিল্পরূপের পরিচয় দাও।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রোম্যান্টিসিজমের সংজ্ঞা লেখো।

(খ) ক্লাসিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।

(গ) ক্লাসিসিজমের সঙ্গে যুক্ত দুজন সাহিত্যিকের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রোম্যান্টিসিজমের উদ্ভব ও তার লক্ষণসমূহ আলোচনা করো।

(খ) ক্লাসিসিজমের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

## UNIT—III

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আধুনিকতাবাদের দুটি বৈশিষ্ট্য লেখো।

(খ) নারীচেতনাবাদের যে কোনো দুজন তাত্ত্বিকের নাম লেখো।

(গ) ভার্জিনিয়া উল্ফ কোন্ দেশের সাহিত্যিক? তাঁর রচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আধুনিকতাবাদ তত্ত্বের প্রধান লক্ষণগুলি উল্লেখ করে এর তাত্ত্বিক বিশ্লেষণ করো।

(খ) 'নব ভাবনায় লালিত যুক্তিবাদী চেতনার সূত্রেই শুরু হয়েছিল সমাজে নারীর অবস্থান ও পরিসর সন্ধানের প্রক্রিয়া, পিতৃতান্ত্রিক একাধিপত্যের প্রতি এটাই ছিল প্রধানতম প্রত্যাহ্বান।" এই মন্তব্যের আলোকে নারীচেতনাবাদতত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।

## UNIT—IV

৭। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) "সেই ঊষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়াছিল। সে সুর তাহার নিজের।" রবীন্দ্রনাথ তাঁর 'আধুনিক সাহিত্য' গ্রন্থে কবি বিহারীলালকে 'ভোরের পাখি' বলেছেন কেন?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য-বিষয়ক দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(গ) 'পালামৌ' গ্রন্থটি কার রচিত? এটি কী ধরনের গ্রন্থ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "একদিন আমাদের বঙ্গভাষা কেবল একতারা যন্ত্রের মতো একতারে বাঁধা ছিল, কেবল সহজ সুরে ধর্মসংকীর্তন করিবার উপযোগী ছিল; বঙ্কিম স্বহস্তে তাহাতে এক একটি করিয়া তার চড়াইয়া আজ তাহাকে বীণাযন্ত্রে পরিণত করিয়া তুলিয়াছেন।" রবীন্দ্রনাথের অনুসরণে বাংলা সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'রাজসিংহ' প্রবন্ধ অনুসরণে বাংলা সাহিত্যের উপন্যাসের বিকাশের ধারায় এর মূল্যায়ন করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'ছোট্ট রামায়ণ' গ্রন্থটি কার লেখা? বুদ্ধদেব বসুর কোন্ প্রবন্ধে এই নামটি উল্লিখিত হয়েছে?

(খ) শিশুসাহিত্য-বিষয়ক দুটি পত্রিকার নাম লেখো।

(গ) 'কল্লোল' গোষ্ঠীর দুজন কবির নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) "মাইকেলের মহিমা বাংলা সাহিত্যের প্রসিদ্ধতম কিংবদন্তী।" বুদ্ধদেব বসুর 'মাইকেল' প্রবন্ধ অনুসরণে এই উক্তিটির তাৎপর্য নিজের ভাষায় বিশ্লেষণ করো।

(খ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধ অনুসরণে মূল বক্তব্য বিশ্লেষণ করো।

## OPTION—B

### Course No. : BNGHCC-602T (B)

### [ পূর্বোত্তর ভারতের বাংলা কথাসাহিত্য (বিশেষপত্র) ]

### UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'ঈশানের পুঞ্জমেঘ' কাব্য-সংকলনটির সম্পাদকদ্বয়ের নাম লেখো।

(খ) অশোকবিজয় রাহা বরাক উপত্যকার কোন্ মহাবিদ্যালয়ে অধ্যাপনা করতেন? তাঁর রচিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) শক্তিপদ ব্রহ্মচারী রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'জন্মভূমি, তোমাকে ভুলি না' কবিতায় 'শৈশবের সবুজ শহর' সম্পর্কে কবির যে মুগ্ধতা এবং চিত্ররূপ সৃজনে অনায়াস দক্ষতা প্রকাশিত হয়েছে, সে বিষয়ে আলোকপাত করো।

(খ) "কবি শক্তিপদ ব্রহ্মচারীর কাব্যভুবনে এক উদাসী বাউল আনমনে গান গেয়ে ওঠে।" এই মন্তব্যের আলোকে কবি শক্তিপদ ব্রহ্মচারীর 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতাটি আলোচনা করো।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বিমল সিংহের 'লংতরাই' উপন্যাসটি কবে, কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'লংতরাই' উপন্যাসে বর্ণিত রিয়াং আদিবাসীরা কোথায় বসবাস করেন? সাজেরুঙ-এর প্রেমিকের নাম কী?

(গ) 'গাইরিঙ' এবং 'আয়ুংমাই' কী?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'লংতরাই' উপন্যাসে রিয়াং আদিবাসী জনগোষ্ঠীর সামাজিক জীবন-রীতিনীতি-বিশ্বাসের যে বর্ণনা ফুটে উঠেছে তার আলোচনা করো।

(খ) 'লংতরাই' উপন্যাসে শ্রেণিশোষণের যে চিত্র ধরা পড়েছে তার বিবরণ দাও।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বরাকের গল্পসংগ্রহ' মোট কটি খণ্ডে বিভক্ত? তোমাদের পাঠ্য কোন্ খণ্ড?

(খ) 'বন্দিনী কথা' গল্পটি রণবীর পুরকায়স্থর কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত? রণবীর রচিত উপন্যাসটির নাম লেখো।

(গ) 'ইত্বরবানু ও মাসমিডিয়া' গল্পের লেখকের নাম লেখো। লেখকের যে কোনো আরেকটি গল্পের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'মানুষ' গল্পে দারিদ্র্যের যে মর্মান্তিক ছবি প্রকাশিত হয়েছে সে সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

(খ) 'একটি মৃত্যু এবং তারপর' গল্পের শিল্পরস সৃষ্টির কৌশল আলোচনা করো।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) কলকাতার কোন্ নাট্যদল 'গুণধরের অসুখ' নাটকটির সফল মঞ্চায়ন করেছে? নাটকটি প্রথম কবে প্রকাশিত হয়?

(খ) গুণধরের বাবার দোকানের নাম কী ছিল? দোকানের যে কোনো দুটি পণ্যের নাম লেখো।

(গ) নাট্যকার প্রদ্যোত চক্রবর্তী অনুসারে গুণধরের সাজপোষাকের বর্ণনা দাও।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'গুণধরের অসুখ' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'গুণধরের অসুখ' নাটকের উজ্জ্বল চরিত্রটি বিশ্লেষণ করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) সুজিৎ চৌধুরী কবে, কোথায় জন্মগ্রহণ করেন?

(খ) 'হারানো দিন হারানো মানুষ' স্মৃতিকথাটি গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়? কোন্ পত্রিকায় এই স্মৃতিকথা ধারাবাহিক কলাম হিসেবে প্রকাশিত হতো?

(গ) সুজিৎ চৌধুরীর প্রাথমিক শিক্ষা কোন্ স্কুলে হয়? স্কুলটি কোথায় অবস্থিত?

১০। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'হারানো দিন হারানো মানুষ' গ্রন্থানুসারে সুজিৎ চৌধুরীর বাল্যজীবন বর্ণনা করো।

(খ) সুজিৎ চৌধুরীর পিতার পড়াশোনা, বিবাহ এবং রাজনৈতিক জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

* * *

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–601T

**( স্বাধীনতা-পরবর্তী বাংলা কথাসাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'শাম্ব' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(খ) শাম্বের মায়ের নাম কী ?

(গ) কুষ্ঠ রোগ থেকে মুক্তি পেতে শাম্ব কোন্ নদীর তীরে সাধনা করেন ?

(ঘ) গ্রহরাজের বিগ্রহের পূজা করার একমাত্র অধিকারী কারা ?

(ঙ) মিত্রবন কোথায় অবস্থিত ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কালকূট কার ছদ্মনাম? 'শাম্ব' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

(খ) 'শাম্ব' উপন্যাসে 'গ্রহরাজ' বলতে কোন্ দেবতার কথা বলা হয়েছে? শাম্ব কুষ্ঠরোগ থেকে মুক্তি পাওয়ার জন্য তার সাথে কতজন কুষ্ঠরোগাক্রান্ত নারী-পুরুষকে নিয়ে গিয়েছিলেন?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'শাম্ব' উপন্যাস অবলম্বনে শাম্ব চরিত্রটি আলোচনা করো।

(খ) " 'শাম্ব' উপন্যাসটি সমাজ এবং মানুষকে কঠিন সংগ্রামের দ্বারা সাফল্যে উত্তরণের পথ দেখিয়েছে। অবসাদগ্রস্ত মানুষের মানসিক জোর তৈরি করার পথ দেখিয়েছে।" সমালোচকের এই মন্তব্য যথার্থ কিনা, আলোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি প্রথমে কী নামে প্রকাশিত হয়েছিল?

(খ) সুতারা যাজ্ঞসেনী কলেজে কোন্ বিষয়ের অধ্যাপিকা ছিলেন?

(গ) সুতারাকে কে কলকাতায় নিয়ে এসেছিল?

(ঘ) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে কয়টি পর্ব আছে?

(ঙ) পাঠ্য উপন্যাস ছাড়া জ্যোতির্ময়ী দেবীর অন্য একটি উপন্যাসের নাম উল্লেখ করো।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি কত সালে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(খ) সুতারার পরিবার কোন্ দাঙ্গার শিকার হয়েছিল? দাঙ্গায় মা-বাবা ও দিদিকে হারিয়ে সে কোথায় আশ্রয় নিয়েছিল?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) " 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসে সুতারা প্রান্তিকায়িত নারীবর্গের প্রতিনিধি। সুতারার মধ্যে মিশে গেছে পরিবার,সমাজ-সম্প্রদায় নির্ধারিত সব যুগের নারীর লাঞ্ছনা।" সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ক্যানভাসার' গল্পে ক্যানভাসারের নাম কী?

(খ) 'তাজমহল' গল্পে বৃদ্ধ মুসলমানের নাম কী?

(গ) 'বুধনী' গল্পে কয়টি অনুচ্ছেদ আছে?

(ঘ) 'নিমগাছ' গল্পে নিমগাছের শেকড়ের সাথে কার তুলনা করা হয়েছে?

(ঙ) 'ক্যানভাসার' গল্পটি কোন্ গল্পসংকলনের অন্তর্ভুক্ত?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ''যার হাই তুলতে চোয়ালে খিল ধরে তার আবার বন্দুক ঘাড়ে করতে যাওয়া কেন?'' উক্তিটি কে, কাকে করেছিল?

(খ) 'তাজমহল' গল্পে বৃদ্ধ মুসলমান কাকে ডাক্তার দেখাতে নিয়ে এসেছিল? তার কী রোগ হয়েছিল?

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'নিমগাছ' গল্পটিতে এক গ্রামীণ বধূর জীবন-যন্ত্রণার সাথে নিমগাছকে কীভাবে লেখক একাকার করে উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।

(খ) 'বুধনী' গল্পে বিল্টু চরিত্রের মধ্য দিয়ে আদিম বন্যপ্রেমের যে ছবি ফুটে উঠেছে তার একটি রসগ্রাহী আলোচনা করো।

## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বীতংস' গল্পের নায়কের নাম কী?

(খ) 'হাড়' গল্পে রায়বাহাদুরের বন্ধুর নাম কী?

(গ) তর্করত্ন যেদিন কালীপূজায় বসেছিলেন সেদিন কী তিথি ছিল?

(ঘ) 'দুঃশাসন' গল্পে দেবীদাসের ভাইপোর নাম কী?

(ঙ) "হাড় যোগাড় করেছি, কিন্তু মন্ত্রগুলো পাইনি।" উক্তিটি কার?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) "মারী আর মড়কের সমস্ত বিষ চিরকাল ওরাই তো নীলকণ্ঠের মতো নিঃশেষে পান করে নেয়।" উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? কাকে উদ্দেশ্য করে এই উক্তিটি করা হয়েছে?

(খ) 'পুষ্করা' গল্পের গ্রামের তালুকদারের নাম কী? 'বীতংস' গল্পে কার কথা বলা হয়েছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) "হাড় ওরা পেয়েছে, কেবল মন্ত্র পাওয়াটা বাকী।" উক্তিটির আলোকে 'হাড়' গল্পের রসগ্রাহী আলোচনা করো।

(খ) "পঞ্চাশের মর্মন্তুদ মন্বন্তরের দলিলস্বরূপ নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'পুষ্করা' গল্পটি একটি শিল্পসার্থক সৃষ্টি।" আলোচনা করো।

## UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ভালোবেসে চিম্মোহন অমিতার নাম কী দিয়েছিল?

(খ) 'মহাশ্বেতা' গল্পের নায়িকার নাম কী?

(গ) ধলাকর্তার ছেলের নাম কী?

(ঘ) "গরীবের হিন্দুস্থানও নাই, পাকিস্তানও নাই, কেবল এক গোরস্থান আছে।" উক্তিটি কার?

(ঙ) কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে 'পালঙ্ক' গল্পটি লেখা হয়েছে?

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মোতালেফ কার বিধবা স্ত্রীকে বিয়ে করেছিল? বিধবা স্ত্রীর নাম কী ছিল?

(খ) "ঘরের মতোই নিরাভরণ শুভ্র ওর সজ্জা।" 'মহাশ্বেতা' গল্পের সূচনা অংশে কে, কাকে এমন রূপে দেখেছে?

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'রস' গল্প অবলম্বনে মোতালেফ চরিত্রটি বিশ্লেষণ করো।

(খ) 'অভিনেত্রী' গল্প অবলম্বনে লাবণ্য চরিত্রটি আলোচনা করো।

★★★

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGDSE–602T

**( রবীন্দ্র-পরবর্তী বাংলা কবিতা )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) সুভাষ মুখোপাধ্যায়ের 'পদাতিক' কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?

(খ) "তারপর দড়াম করে দরজা বন্ধ হবার শব্দ" পংক্তিটি কোন কবিতার অন্তর্গত ?

(গ) 'একটি কবিতার জন্য' কবিতাটি সুভাষ মুখোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের কবিতা ?

(ঘ) কবি সুভাষ মুখোপাধ্যায় কোন্ রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী ছিলেন ?

(ঙ) 'প্রস্তাব : ১৯৪০' কবিতাটি প্রথমে কোন্ নামে প্রকাশিত হয় ?

২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) সুভাষ মুখোপাধ্যায়ের 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থটি প্রথম কবে প্রকাশিত হয় ? গ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেন ?

(খ) ''নতুন পৃথিবী, অজস্র সুখ, সীমাহীন ভালোবাসা
একটি কবিতা লেখা হবে তার জন্য।''

চরণ দুটি কোন্ কবিতার অন্তর্গত ? সুভাষ মুখোপাধ্যায়ের এই কবিতাটি কোন্ কাব্যগ্রন্থে স্থান পেয়েছে ?

৩। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতাটি যে রবীন্দ্রনাথের 'বধূ' কবিতা থেকে সম্পূর্ণ স্বতন্ত্র তা যুক্তি সহকারে উপস্থাপন করো।

(খ) 'প্রস্তাব : ১৯৪০' কবিতায় কবি ভারতবর্ষের সমকালীন ইতিহাসের অনুপুঙ্খকে কীভাবে ফুটিয়ে তুলেছেন তা আলোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুখোশ' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(খ) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'স্থিরচিত্র' কবিতাটি কবি কাকে উৎসর্গ করেন ?

(গ) "সব ঝুট হায়! সব ঝুট হায়! ঝুট হায়! সব ঝুট হায়!" চরণটি কোন্ কবিতার ?

(ঘ) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম কাব্যগ্রন্থ কোনটি ?

(ঙ) 'অথচ ভারতবর্ষ তাদের' কবিতাটি কবি কবে লেখেন ?

৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'রাজা আসে যায়' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয় ?

(খ) বীরেন্দ্র চট্টোপাধ্যায় দীর্ঘকাল কবিতা রচনার স্বীকৃতি স্বরূপ যে সমস্ত পুরস্কার লাভ করেন তার যে কোনো দুটির নাম উল্লেখ করো।

৬। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'রাজা আসে যায়' কবিতায় সত্যের যে বিধিলিপি উপস্থাপিত হয়েছে তা বিশ্লেষণ করো।

(খ) বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের 'মুখোশ' কবিতাটির ভাবসৌন্দর্য লিপিবদ্ধ করো।

## UNIT—III

৭। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কবি শক্তিপদ ব্রহ্মচারী বরাকের কোন্ পত্রিকা গোষ্ঠীর অন্যতম কবি ছিলেন?

(খ) শক্তিপদ ব্রহ্মচারীর 'মনসামঙ্গল' কবিতায় কোন্ ঋতুর উল্লেখ রয়েছে?

(গ) 'যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত' কবিতায় লাগামছেঁড়া কয়টি ঘোড়ার উল্লেখ রয়েছে?

(ঘ) 'একটি গ্রামীণ পদ্য' কবিতায় উল্লিখিত নদীটির নাম কী?

(ঙ) ''সায়ের ঝিয়ারি যায় অনন্ত ভাসানে।'' 'সায়ের ঝিয়ারি' কে?

৮। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) শক্তিপদ ব্রহ্মচারীর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) শক্তিপদ ব্রহ্মচারীর প্রথম কাব্যগ্রন্থটির নাম কী? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রথম প্রকাশিত হয়?

৯। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) 'একান্ত ব্যক্তিগত' কবিতাটি শক্তিপদ ব্রহ্মচারীর ব্যক্তি-জীবনের আলোছায়ার দিনলিপি বলা যুক্তিযুক্ত কিনা, আলোচনা করো।

(খ) শক্তিপদ ব্রহ্মচারীর 'একটি গ্রামীণ পদ্য' কবিতায় গ্রাম-বাংলা, গ্রামের মানুষ অনিবার্যভাবে উঠে এসেছে, এসেছে ধূলিবালির জীবন—আলোচনা করো।

## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) কবি শক্তি চট্টোপাধ্যায় তাঁর 'শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থটি কাকে উৎসর্গ করেন?

(খ) শক্তি চট্টোপাধ্যায়ের 'কক্সবাজারে সন্ধ্যা' কবিতায় কোন্ সমুদ্রের প্রসঙ্গ আছে?

(গ) কবি শক্তি চট্টোপাধ্যায়ের জন্ম সন লেখো।

(ঘ) 'নীল ভালোবাসায়' কবিতাটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

(ঙ) "মানুষের মৃত্যু হলে মানুষের জন্যে তার শোক" চরণটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অন্তর্ভুক্ত?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কোন্ কাব্যগ্রন্থের জন্য শক্তি চট্টোপাধ্যায় অকাদেমি পুরস্কার লাভ করেন এবং কত খ্রিস্টাব্দে?

(খ) "আমি সোনার একটি মাছি খুন করেছি রাত দুপুরে।" চরণটি শক্তি চট্টোপাধ্যায়ের কোন্ কবিতার অংশ? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

১২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) মৃত্যুচেতনার কবিতা হিসেবে শক্তি চট্টোপাধ্যায়ের 'মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি' কবিতাটি কতটুকু সার্থক, আলোচনা করো।

(খ) শক্তি চট্টোপাধ্যায়ের 'কক্সবাজারে সন্ধ্যা' কবিতায় প্রকৃতিচেতনার যে রূপ ফুটে উঠেছে তা আলোচনা করো।

## UNIT—V

১৩। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) "আমার অপমানের প্রয়োজন আছে।" কবিতা সিংহ তাঁর কোন্ কবিতায় একথা বলেছেন?

(খ) 'সেই নারী' কবিতাটি কবিতা সিংহের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

(গ) কবিতা সিংহ কী ছদ্মনামে লিখতেন?

(ঘ) কবিতা সিংহ কার অনুপ্রেরণাতে কৈশোরেই কবিতা রচনা আরম্ভ করেন?

(ঙ) 'হরিণা বৈরী' কাব্যগ্রন্থটি কবিতা সিংহ কাকে উৎসর্গ করেন?

১৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) কবিতা সিংহের 'আন্তিগোনে' কবিতাটি তাঁর কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? তিনি কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করেন?

(খ) কবিতা সিংহের প্রথম কবিতা কোন্ পত্রিকায় এবং কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

১৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) কবিতা সিংহের 'সেই নারী' কবিতাটি সকলকালের নারী-হৃদয়ের বেদনাঘন মনের একটি উল্লেখযোগ্য বয়ান—আলোচনা করো।

(খ) কবিতা সিংহের 'অপমানের জন্য ফিরে আসি' কবিতায় নারীচেতনার যে নিদর্শন মেলে তা কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।

★★★

**TDC (CBCS) Even Semester Exam., 2024**

# BENGALI

**( 6th Semester )**

Course No. : BNGSEC–601T

**( কল্পবিজ্ঞান ও ফ্যান্টাসি )**

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ২০

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) লীলা মজুমদারের পিতার নাম কী?

(খ) 'সব ভুতুড়ে' গল্প সংকলনটি কবে প্রকাশিত হয়?

(গ) 'সব ভুতুড়ে' গল্প সংকলনে মোট কয়টি গল্প আছে?

(ঘ) "কাঠপুতলি পৃথিবীর সব গরীব দুঃখীর খিষ্ট"—এটা কার অভিমত?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) “ ‘পটলডাঙ্গার টেনিদা’ গ্রন্থটি নিখাদ হাস্যরস আর নির্মল আনন্দে ভরপুর একটি গ্রন্থ।” মন্তব্যটি বিশ্লেষণ করো।

(খ) ‘পটলডাঙ্গার টেনিদা’ গ্রন্থের ‘দশানন চরিত’ গল্পে দশাননের সঙ্গে মন্‌সবদার জবরদস্ত খাঁ-এর ভূতের সাক্ষাৎ এবং তৎপরবর্তী ঘটনাধারার একটি সরস বর্ণনা দাও।

## UNIT—IV

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) হারাণচন্দ্রের জন্যে নতুন ঘড়ি কে কিনে এনেছিল?

(খ) সত্যগুণ হরি কে?

(গ) ঘড়িতে কয়টি কাটা ছিল?

(ঘ) হারাণচন্দ্র কয়টি ঘড়ি হারিয়েছিলেন?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) : ২

(ক) ভিনগ্রহীর নাম কী? ভুতুড়ে ঘড়ির বিশেষত্ব কী?

(খ) বুতবুত কী? রামরাহা কী নিয়ে পালিয়ে গিয়েছিল?

১২। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) 'ভুতুড়ে ঘড়ি' সম্পর্কে জটাই-তান্ত্রিকের অভিমত ব্যক্ত করো।

(খ) হারাণচন্দ্র চট্টোপাধ্যায় চরিত্রটির বর্ণনা দাও।

## UNIT—V

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **তিনটি**) : ১×৩=৩

(ক) প্রোফেসর শঙ্কুর ভৃত্যের নাম কী?

(খ) প্রোফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী?

(গ) 'প্রোফেসর শঙ্কু' গ্রন্থের গল্পগুলি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(ঘ) ইজিপ্টে প্রোফেসর শঙ্কুর সঙ্গে যে প্রত্নতাত্ত্বিকের দেখা হয়েছিল তাঁর নাম কী?

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **একটি**) : ২

(ক) 'প্রোফেসর শঙ্কু' গ্রন্থের যে কোনো দুটি গল্পের নাম লেখো।

(খ) কোথাকার অ্যাকাডেমি প্রোফেসর শঙ্কুকে ডক্টর উপাধি দান করেছিল? তিনি তার বেড়ালের জন্য কী আবিষ্কার করেছিলেন?

১৫। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) প্রোফেসর শঙ্কু চরিত্রটি আলোচনা করো।

(খ) 'প্রোফেসর শঙ্কু ও ঈজিপ্সীয় আতঙ্ক' রচনাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

★ ★ ★

TDC (CBCS) Even Semester Exam., 2024

# BENGALI

( 6th Semester )

Course No. : BNGGEC–601T

[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) শ্রীরামপুর মিশন কত সালে প্রতিষ্ঠিত হয় ?

(খ) কৃত্তিবাসী রামায়ণ প্রথম কোথা থেকে ছাপা হয়েছিল ?

(গ) ‘গৌড়ীয় ব্যাকরণ’-এর লেখক কে ?

(ঘ) ফোর্ট উইলিয়াম কলেজ কোথায় প্রতিষ্ঠিত হয় ?

(ঙ) রবীন্দ্রনাথ কাকে ‘ভারতপথিক’ বলে অভিহিত করেছেন ?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের দুজন লেখকের নাম লেখো।

(খ) ঈশ্বরগুপ্ত কত সালে, কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।

(খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে বাংলা গদ্যের জনক বলা যায় কি না, আলোচনা করো।

## UNIT—II

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী?

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর রচয়িতা কে?

(গ) রবীন্দ্রনাথ কাকে 'ভোরের পাখি' বলেছিলেন?

(ঘ) জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

(ঙ) 'বলাকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) মধুসূদন রচিত পত্রকাব্যটির নাম কী? কাব্যটির প্রকাশকাল লেখো।

(খ) 'বনলতা সেন' কাব্যের কবি কে? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা মহাকাব্যের ধারায় মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

(খ) উনিশ শতকের বাংলা গীতিকবিতায় বিহারীলাল চক্রবর্তীর অবদান পর্যালোচনা করো।

## UNIT—III

৭। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) মধুসূদন দত্তের প্রথম নাটক কোনটি?

(খ) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা কে?

(গ) 'জনা' কী ধরনের নাটক?

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

(ঙ) 'কৃষ্ণকুমারী' নাটকের প্রকাশকাল কত?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) দীনবন্ধু মিত্রের দুটি প্রহসনের নাম লেখো।

(খ) গিরিশচন্দ্র ঘোষ রচিত একটি সামাজিক নাটকের নাম লেখো। 'সিরাজদ্দৌলা' নাটকটি ঐতিহাসিক না পৌরাণিক?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা নাট্য-সাহিত্যের ধারায় মধুসূদন দত্তের কৃতিত্ব পরিমাপ করো।

## UNIT—IV

১০। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাসটি কোন্ ভাষায় রচিত?

(খ) বঙ্কিমচন্দ্র রচিত সর্বমোট উপন্যাস সংখ্যা কত?

(গ) 'চোখের বালি' উপন্যাসের প্রকাশকাল কত?

(ঘ) 'পথের দাবী' কী ধরনের উপন্যাস?

(ঙ) 'পথের পাঁচালী' উপন্যাসটি কার লেখা?

১১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'শ্রীকান্ত' উপন্যাসটির রচয়িতা কে? এটি কত খণ্ডে বিভক্ত?

(খ) 'আরণ্যক' এবং 'ইছামতি' উপন্যাস দুটির প্রকাশ সাল লেখো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে তাঁর প্রকৃতি চেতনার পরিচয় দাও।

## UNIT—V

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্পের নাম কী?

(খ) রবীন্দ্রনাথের একটি অতিপ্রাকৃত গল্পের নাম লেখো।

(গ) 'ভুশুণ্ডির মাঠে' গল্পের রচয়িতা কে?

(ঘ) 'পরশুরাম' ছদ্মনামে কোন্ লেখক গল্প লিখতেন?

(ঙ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের একটি গল্পগ্রন্থের নাম লেখো।

১৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ২

(ক) 'ছুটি' গল্পটি কার রচনা? কোন্ পত্রিকায় এটি প্রথম প্রকাশিত হয়?

(খ) পরশুরামের অধিকাংশ ছোটগল্পের প্রধান রস কী? তাঁর যে কোনো একটি গল্পসংকলনের নাম লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) বাংলা ছোটগল্প রচনায় মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।

(খ) ছোটগল্পকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের পরিচয় দাও।

★★★